**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়,কুমিল্লা
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা)
www.comilla.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.১৯০০.০২৫.৪১.০১৩.২৩.৫৩৪

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩০ / ০৭ সেপ্টেম্বর ২০২৩

প্রেরক: **জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা**, কুমিল্লা

প্রাপক: **চেয়ারম্যান, উপজেলা পরিষদ**, ...................(সংশ্লিষ্ট সকল)বুড়িচং, কুমিল্লা

বিষয়: **২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম কিস্তির নগদ অর্থ (টাকা) উপবরাদ্দ প্রদান।**

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর ১৩ আগস্ট ২০২৩ তারিখের ২৩৪ নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম কিস্তিতে বরাদ্দকৃত নগদ অর্থ (টাকা) দ্বারা বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ছকে উল্লিখিত প্রকল্পের প্রস্তাব সংশ্লিষ্ট উপজেলা হতে পাওয়া যায়। আগামী জেলা কর্ণধার কমিটির সভায় প্রস্তাবিত প্রকল্প তালিকা অনুমোদন সাপেক্ষে প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য এ সাথে সংযোজিত অনুমোদিত তালিকায় প্রকল্পের পার্শ্ব কলামে প্রদর্শিত নগদ অর্থ (টাকা) নির্দেশক্রমে উপবরাদ্দ প্রদান করা হল।

২। এই ব্যয় ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ হতে নির্বাহ করা হবে।

| উপজেলার নাম | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রকল্প প্রস্তাবের স্মারক নম্বর ও তারিখ | অনুমোদিত প্রকল্প সংখ্যা | উপবরাদ্দকৃত নগদ অর্থের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| মেঘনা | স্মারক নম্বর: ৫৮৩<br>তারিখ: ০৩/০৯/২০২৩ | ৩০ | ৩২,৭৫,৮১৮.৮৫<br>(বত্রিশ লক্ষ পঁচাত্তর হাজার আটশত আঠার দশমিক আট পাঁচ) |
| তিতাস | স্মারক নম্বর: ২২৯<br>তারিখ: ০৪/০৯/২০২৩ | ৩১ | ৩৭,২৮,০৬৮.০০<br>(সাঁইত্রিশ লক্ষ আটাশ হাজার আটষট্টি) |
| মুরাদনগর | স্মারক নম্বর: ৩৮০<br>তারিখ: ৩১/০৮/২০২৩ | ৮৬ | ৭৭,৩৯,২৫৬.৩৮<br>(সাতাত্তর লক্ষ উনচল্লিশ হাজার দুইশত ছাপ্পান্ন দশমিক তিন আট) |
| ব্রাহ্মণপাড়া | স্মারক নম্বর: ২৩১<br>তারিখ: ০৫/০৯/২০২৩ | ৬৪ | ৪২,৬৭,০৯৬.৭৫<br>(বিয়াল্লিশ লক্ষ সাতষট্টি হাজার ছিয়ানব্বই দশমিক সাত পাঁচ) |
| আদর্শ সদর | স্মারক নম্বর: ৪৮৩<br>তারিখ: ৩০/০৮/২০২৩ | ৪১ | ৫৮,৪৫,২৪৩.৩৭<br>(আটান্ন লক্ষ পঁয়তাল্লিশ হাজার দুইশত তেতাল্লিশ দশমিক তিন সাত) |
| চান্দিনা | স্মারক নম্বর: ৩৩৪<br>তারিখ: ২৮/০৮/২০২৩ | ৫৩ | ৫৩,৩৮,২১০.০০<br>(তিপ্পান্ন লক্ষ আটত্রিশ হাজার দুইশত দশ) |

**শর্তাবলী:**

১. ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কিস্তির প্রকল্পসমূহের বাস্তবায়ন কাজ আগামী ৩০/৯/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

২. এ কর্মসূচির বরাদ্দকৃত অর্থের ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও টিআর নির্দেশিকা ২০২১ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৩. প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে;

৪. নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৫. প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;

চলমান পাতা-২

৬. বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভার) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;
৭. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসির সভাপতি করতে হবে;
৮. বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে পিআইসি গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করতে হবে;অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।
৯. গৃহিত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতি নির্ধারিত ছকে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে;
১০. বাস্তবায়িত প্রকল্পের মাস্টাররোল সমন্বয়ান্তে চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে ও এ কার্যালয়ে প্রেরণ করতে হবে;
১১. নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে;
১২. উপজেলা নির্বাহী অফিসার উপবরাদ্দপত্রটি তাঁর ওয়েবসাইটে আপলোড করবেন এবং উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দপত্র আপলোড করবেন।
১৩. এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্ত: অনুমোদিত প্রকল্প তালিকা ......... (..........) পাতা।

মোহাম্মদ আবেদ আলী
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
কুমিল্লা
ফোন: ০২-৩৩৪৪০০৩৩১
মোবাইল: ০১৭০০-৭১৬৬৯৯
**drrocomilla@ddm.gov.bd**

স্মারক নম্বর: ৫১.০১.১৯০০.০২৫.৪১.০১৩.২৩.৫৩৪

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩০ / ০৭ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি; সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:
১. মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-.........., কুমিল্লা-........
২. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
৪. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৫. পরিচালক (কাবিখা/মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
৬. জেলা প্রশাসক, কুমিল্লা
৭. উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. উপপরিচালক (কাবিখা-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
৯. উপজেলা নির্বাহী অফিসার,.........................................(সংশ্লিষ্ট সকল), কুমিল্লা
১০. জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, কুমিল্লা
১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,...............................(সংশ্লিষ্ট সকল), কুমিল্লা
১২. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,....................................(সংশ্লিষ্ট সকল), কুমিল্লা
১৩. সংরক্ষণ নথি

মোহাম্মদ আবেদ আলী
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
কুমিল্লা
ফোন: ০২-৩৩৪৪০০৩৩১
মোবাইল: ০১৭০০-৭১৬৬৯৯
**drrocomilla@ddm.gov.bd**